



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

(একই তারিখ ও স্মারকে সংশোধিত বিজ্ঞপ্তি) স্মারক নং : বরিশা/কলেজ/অনু: ২০২৩/২৭৬৭

তারিখ : ২৫.০৯.২০২৩

বিষয় : ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অন-লাইনের মাধ্যমে ভর্তি এবং তাদের মাসিক বেতন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর সকল কলেজ/ উচ্চমাধ্যমিক প্রতিষ্ঠান এর অধ্যক্ষ/ প্রধান শিক্ষক মহোদয়ের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা ২০২৩ অনুসরণ করে উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। এই ভর্তি কার্যক্রম সম্পন্ন করবার জন্য নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করতে হবে -


০১. এস এস সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ব্যতীত কোন শিক্ষার্থীকে ভর্তি করা যাবে না। একান্তই যাদের থাকবে না তাদের টেলিটকের রেজাল্টশিট কলেজ কর্তৃপক্ষ কর্তৃক বিডি রেজাল্ট অপশনে ([www.educationboardresult.gov.bd](http://www.educationboardresult.gov.bd)) যাচাই করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। তবে শিক্ষার্থী কর্তৃক আগামী ১৫.১০.২০২৩ তারিখের মধ্যে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে মর্মে তা লিখিত রাখতে হবে। বরিশাল শিক্ষাবোর্ডের পরীক্ষা দপ্তর কর্তৃক আগামী ০৭.১০.২০২৩ তারিখের মধ্যে প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করা হবে।

০২. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বেতন এবং সেশন ফি ভর্তিনীতিমালা ২০২৩ অনুযায়ী গ্রহণ করতে হবে। কোনক্রমেই অতিরিক্ত বেতন এবং সেশন ফি গ্রহণ করা যাবে না। উল্লেখ্য, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মাসিক বেতন অক্টোবর -২০২৩ থেকে গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হলো।

০৩. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ভর্তির সময় বুয়েট কর্তৃক প্রকাশিত রেজাল্ট সিরিয়াল অনুযায়ী ভর্তি করতে হবে। কোন ক্রমেই বুয়েট কর্তৃক প্রকাশিত রেজাল্ট সিরিয়ালের বাইরে ভর্তি করা যাবে না।

০৪. আগামী ২৬.০৯.২০২৩ থেকে ০৫.১০.২০২৩ পর্যন্ত একাদিক্রমে শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম চলবে।

চেয়াম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,

বরিশাল।